

সমকাল

শিক্ষা কাটিয়ে বুয়েটে ভর্তি পরীক্ষা আজ

১০ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যার বিচার দাবিতে চলতে থাকা আন্দোলনের কারণে অনিশ্চিত হয়ে পড়েছিল বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা। তবে শিক্ষার্থীরা আন্দোলন দুই দিন শিথিল করায় শিক্ষা কাটিয়ে আজ সোমবার নির্ধারিত দিনেই হচ্ছে ভর্তি পরীক্ষা। সকাল ১০টা থেকে শুরু হয়ে দুপুর ১টা পর্যন্ত ক্যাম্পাসের বিভিন্ন কেন্দ্র পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের ১২টি বিভাগে মোট ১০৬০টি আসনের বিপরীতে পরীক্ষা দেওয়ার সুযোগ পাচ্ছেন ১২ হাজারের কিছু বেশি শিক্ষার্থী। গত ৩১ আগস্ট থেকে বুয়েটে ভর্তির অনলাইন আবেদন প্রক্রিয়া শুরু হয়।

ভারতের সঙ্গে বাংলাদেশের কয়েকটি চুক্তির বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে স্ট্যাটাস দেওয়ায় গত ৬ অক্টোবর রাতে বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিকস অ্যান্ড ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী আবরার ফাহাদকে শিবির সন্দেহে পিটিয়ে হত্যা করে বুয়েট ছাত্রলীগের কয়েকজন নেতা। এ ঘটনার প্রতিবাদ ও জড়িতদের শাস্তিসহ ১০ দফা দাবিতে আন্দোলন শুরু করেন বুয়েট শিক্ষার্থীরা। দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত তারা আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন। এতে করে ভর্তি পরীক্ষা নিয়ে শিক্ষা তৈরি হয়। গত শুক্রবার উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলামের সঙ্গে আন্দোলনকারীদের বৈঠক হয়। এতে শিক্ষার্থীরা তাদের পাঁচটি সুনির্দিষ্ট দাবি এখনই পূরণে বুয়েট কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানান। এসব দাবি পূরণে শনিবার নোটিশ দেয় কর্তৃপক্ষ। বাকি পাঁচটি দাবিও পূরণের আশ্বাস রয়েছে। বিজ্ঞপ্তি জারির পর শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষা হতে না দেওয়ার সিদ্ধান্ত থেকে সরে আসেন। পরীক্ষা চলাকালে অভিভাবকদের সর্বাত্মক সহযোগিতা করার আশ্বাস দেন তারা। তবে পরীক্ষার পর ফের তারা আন্দোলনে নামবেন বলে জানিয়েছেন।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল: ad.samakalonline@outlook.com